

বাংলাদেশ



গেজেট

অতিরিক্ত সংখ্যা

কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

মঙ্গলবার, জুলাই ২৬, ২০১১

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

মন্ত্রিপরিষদ বিভাগ

প্রজ্ঞাপন

তারিখ, ১০ শ্রাবণ ১৪১৮ বঙ্গাব্দ/২৫ জুলাই ২০১১ খ্রিস্টাব্দ

নং ০৪.৪২২.০৪৮.০০.০০.০০২.২০১০/১৩০—মন্ত্রী, প্রতিমন্ত্রী, উপমন্ত্রী এবং সরকার অথবা প্রজাতন্ত্রের কার্যে নিযুক্ত সমপদমর্যাদাসম্পন্ন অথবা তুলনীয় মর্যাদাসম্পন্ন ব্যক্তিবর্গের আয় ও সম্পদ বিবরণী প্রকাশের বিষয়ে সরকার নিম্নরূপ নীতিমালা প্রণয়ন করেছে :

১। মন্ত্রী, প্রতিমন্ত্রী, উপমন্ত্রী এবং মাননীয় প্রধানমন্ত্রী কর্তৃক নিয়োগপ্রাপ্ত সমপদমর্যাদাসম্পন্ন অথবা তুলনীয় মর্যাদাসম্পন্ন ব্যক্তিবর্গ যারা সরকার অথবা প্রজাতন্ত্রের কার্যে নিযুক্ত, তাঁরা প্রতিবছর আয়কর জমা দেয়ার একমাসের মধ্যে নির্ধারিত ছকে (সংযুক্ত) মাননীয় প্রধানমন্ত্রীর নিকট তাঁদের আয় ও সম্পদের বিবরণী জমা দেবেন। মাননীয় প্রধানমন্ত্রী স্বীয় বিবেচনায় আয় ও সম্পদ বিবরণী প্রকাশের সিদ্ধান্ত প্রদান করবেন।

২। মন্ত্রী, প্রতিমন্ত্রী, উপমন্ত্রী এবং সমপদমর্যাদাসম্পন্ন অথবা তুলনীয় মর্যাদাসম্পন্ন ব্যক্তির স্ত্রী/স্বামীর পৃথক আয় থাকলে এবং তিনি (স্ত্রী/স্বামী) যদি একজন আয়কর দাতা হন তাহলে অনুরূপ আয় ও সম্পদ বিবরণীও মাননীয় প্রধানমন্ত্রীর নিকট একইসাথে জমা দিতে হবে। মাননীয় প্রধানমন্ত্রী একইভাবে তাঁদের আয় ও সম্পদ বিবরণী প্রকাশের সিদ্ধান্ত প্রদান করবেন।

৩। ২০০৮ সালের নির্বাচনে অংশগ্রহণকারীদের জমা দেয়া হিসাব নির্বাচন কমিশনের ওয়েবসাইটে আছে। তাঁদের ঐ বছরের জন্য পৃথক হিসাব জমা দেয়ার প্রয়োজন নেই।

(১১৭৫১)

মূল্য : টাকা ৪.০০



৪। ২০০৯-১০ আয় বছর অর্থাৎ ২০১০-১১ আয়কর জমা বছরের জন্য নির্ধারিত ছকে আয় ও সম্পদের হিসাব জমা দিতে হবে। পরবর্তীতে প্রত্যেক বছর অনুরূপ প্রক্রিয়া অনুসরণ করতে হবে।

৫। আয় ও সম্পদের বিবরণ জমা দেয়া ও প্রকাশ মন্ত্রী, প্রতিমন্ত্রী, উপমন্ত্রী এবং সমপদমর্যাদাসম্পন্ন অথবা তুলনীয় মর্যাদাসম্পন্ন ব্যক্তিবর্গের যৌথ দায়বদ্ধতা (Collective Responsibility)। উল্লিখিত ব্যক্তিগণের কেউ যৌথ দায়বদ্ধতার বাইরে ব্যক্তিগত উদ্যোগে আয় ও সম্পদ বিবরণী প্রকাশের ব্যবস্থা নেবেন না।

৬। মন্ত্রী, প্রতিমন্ত্রী, উপমন্ত্রী এবং সরকার অথবা প্রজাতন্ত্রের কার্যে নিযুক্ত সমপদমর্যাদাসম্পন্ন অথবা তুলনীয় মর্যাদাসম্পন্ন ব্যক্তিবর্গের আয় ও সম্পদ বিবরণী প্রকাশের বিষয়ে মাননীয় প্রধানমন্ত্রী কর্তৃক গৃহীত ব্যবস্থা মহামান্য রাষ্ট্রপতির গোচরে আনা যেতে পারে।

৭। সংবিধান ও নির্দিষ্ট আইনের বিধান অনুসারে রাষ্ট্রপতি কর্তৃক নিয়োগপ্রাপ্ত সমপদমর্যাদা অথবা তুলনীয় পদমর্যাদাসম্পন্ন ব্যক্তিবর্গের জন্য মহামান্য রাষ্ট্রপতির অনুমোদনক্রমে তাঁদের নিজস্ব প্রশাসনিক মন্ত্রণালয়/বিভাগ অনুরূপ ব্যবস্থা গ্রহণ করতে পারে।

এম আবদুল আজিজ এনডিসি
মন্ত্রিপরিষদ সচিব।



ক্রমিক	বিবরণ	টাকা
১	আয়	
২	গৃহ সম্পত্তির আয়	
৩	ব্যবসার পুঁজি (মূলধনের জের)	
৪	অকৃষি জমি	
৫	কৃষি সম্পত্তি	
৬	বিনিয়োগ	
৭	অস্থাবর সম্পদ	
৮	ব্যবসা বহির্ভূত অর্থ সম্পদ	
৯	অন্যান্য পরিসম্পদ	
১০	মোট পরিসম্পদ	
১১	দায়	
১২	নীট সম্পদ	
১৩	বিগত বছরের নীট সম্পদ	
১৪	সম্পদের পরিবৃদ্ধি	
১৫	কর পরিশোধসহ বার্ষিক পারিবারিক খরচ	
১৬	সম্পদের মোট পরিবৃদ্ধি	
১৭	অর্জিত মোট তহবিল	

* সংশ্লিষ্ট বছরের আয়কর রিটার্নের প্রাপ্তি স্বীকারপত্র সংযুক্ত করতে হবে।

** আয় ও সম্পদ বিবরণী পূরণের সুবিধার্থে আয়কর রিটার্নের আলোকে প্রয়োজনীয় ব্যাখ্যা অপর পৃষ্ঠায় দেয়া হলো।

স্বাক্ষর

নাম ও পদবী

তারিখ

ক্রমিক	বিবরণ	ব্যাখ্যা
১	আয়	ব্যক্তি শ্রেণীর আয়কর রিটার্নের ২য় পৃষ্ঠার ১ নম্বর ক্রমিকে উল্লিখিত/নিরূপিত আয়ের অনুরূপ।
২	গৃহ সম্পত্তির আয়	আয়কর রিটার্নের ২য় পৃষ্ঠার ৩ নম্বর ক্রমিক এবং ৩য় পৃষ্ঠার তফসিল-২ এর ৩ নম্বর ক্রমিকে উল্লিখিত/নিরূপিত আয়।
৩	ব্যবসার পুঁজি (মূলধনের জের)	আয়কর রিটার্নের ৫ম পৃষ্ঠার (সম্পদ বিবরণী অংশের) আইটি-১০বির ১ নম্বর ক্রমিকের ক ও খ এর যোগফল।
৪	অকৃষি জমি	আয়কর রিটার্নের ৫ম পৃষ্ঠার আইটি-১০বির ২ নম্বর ক্রমিকে উল্লিখিত অংক এবং জমির পরিমাণ ও বাড়ীর বিবরণ।
৫	কৃষি সম্পত্তি	আয়কর রিটার্নের ৫ম পৃষ্ঠার আইটি-১০বির ৩ নম্বর ক্রমিকে উল্লিখিত জমির মোট মূল্য ও পরিমাণ।
৬	বিনিয়োগ	আয়কর রিটার্নের আইটি-১০বির ৪ নম্বর ক্রমিকের ক, খ, গ, ঘ ও ঙ এর যোগফল।
৭	অস্থাবর সম্পদ	আয়কর রিটার্ন ফরমের আইটি-১০বির ৫, ৬, ৭ ও ৮ নম্বর ক্রমিকের যোগফল।
৮	ব্যবসা বহির্ভূত অর্থ সম্পদ	আয়কর রিটার্নের আইটি-১০বির ৯ নম্বর ক্রমিকের ক, খ ও গ এর যোগফল।
৯	অন্যান্য পরিসম্পদ	আয়কর রিটার্নের আইটি-১০বির ১০ নম্বর ক্রমিকে উল্লিখিত অংক।
১০	মোট পরিসম্পদ	আয়কর রিটার্নের আইটি-১০বির ১০ নম্বর ক্রমিকের অন্যান্য পরিসম্পদের পরে উল্লিখিত মোট পরিসম্পদের অংক।
১১	দায়	আয়কর রিটার্নের আইটি-১০বির ১১ নম্বর ক্রমিকের ক, খ, গ ও ঘ এর যোগফল।
১২	নীট সম্পদ	আয়কর রিটার্নের আইটি-১০বির ১২ নম্বর ক্রমিকের অনুরূপ।
১৩	বিগত বছরের নীট সম্পদ	আয়কর রিটার্নের আইটি-১০বির ১৩ নম্বর ক্রমিকের অনুরূপ।
১৪	সম্পদের পরিবৃদ্ধি	আয়কর রিটার্নের আইটি-১০বির ১৪ নম্বর ক্রমিকের অনুরূপ।
১৫	কর পরিশোধসহ বার্ষিক পারিবারিক খরচ	আয়কর রিটার্নের আইটি-১০বির ১৫ নম্বর ক্রমিকের অনুরূপ।
১৬	সম্পদের মোট পরিবৃদ্ধি	আয়কর রিটার্নের আইটি-১০বির ১৬ নম্বর ক্রমিকের অনুরূপ।
১৭	অর্জিত মোট তহবিল	আয়কর রিটার্নের আইটি-১০বির ১৭ নম্বর ক্রমিকের ১, ২ ও ৩-এ উল্লিখিত মোট অংকের অনুরূপ।

মোহাম্মদ জাকীর হোসেন (উপ-সচিব), উপ-পরিচালক, বাংলাদেশ সরকারি মুদ্রণালয়, ঢাকা কর্তৃক মুদ্রিত।

মোঃ মজিবুর রহমান (মুগা-সচিব), উপ-পরিচালক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস,

তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত। website: www.bgpress.gov.bd